

**কালের কন্ঠ, শুভসংঘ জগন্নাথ বিশ্ববিদ্যালয় এর উদ্যোগে নবীনবরণ
২০১৯ অনুষ্ঠিত**



২৩ মার্চ ২০১৯, শনিবার, সকাল ১১টায় কালের কন্ঠ , শুভসংঘ জগন্নাথ বিশ্ববিদ্যালয় কর্তৃক আয়োজিত নবীনবরণ-২০১৯ এর অনুষ্ঠান বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়।এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

শুভসংঘ কেন্দ্রীয় সংসদের সভাপতি মোঃ সাদেকুল ইসলাম এর সভাপতিত্বে উপস্থিত ছিলেন মহানগর, ফুলবাড়িয়া শপিং কমপ্লেক্স এর চেয়ারম্যান আলহাজ্ব আঃ রহমান।এছাড়াও উপস্থিত ছিলেন শুভসংঘের কেন্দ্রীয় পরিচালক জাকারিয়া জামান, বিশিষ্ট ব্যবসায়ী জাহাঙ্গীর আলম, কেন্দ্রীয় শুভসংঘের সাধারণ সম্পাদক শামীম আল মাহমুদ, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শুভসংঘের সভাপতি ইমা আক্তার ও সাধারণ সম্পাদক তানবীর হোসেনসহ শিক্ষার্থীবৃন্দ।